

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ৩(১) শুল্ক : রপ্তানি ও বন্ড/২০০১/৭০২(১)

তারিখ : ১৩/১২/২০০৩ খৃঃ।

**বিষয় :** শতভাগ রপ্তানিমুখী পোশাক শিল্পের জন্য ঋণপত্র ব্যতিরেকে আমদানিকৃত ৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামাল বন্ডের আওতায় খালাস প্রদান প্রসঙ্গে।

- সূত্র : ১. বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-বাম/অবা-১/১(২)/৯৬(অংশ)/৪৫৯, তারিখঃ ০৬/০৯/২০০৩ খৃঃ।  
২. বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-বাম/অবা-১/১(২)/৯৬(অংশ)/৫৬৭, তারিখঃ ১৩/১১/২০০৩ খৃঃ।  
৩. জাতীয় রাজস্ব বোর্ডে পত্র নথি নং-৩(১) শুল্ক : রপ্তানি ও বন্ড/২০০১/৬৮৫, তারিখঃ ২২/১১/২০০৩ খৃঃ।  
৪. জাতীয় রাজস্ব বোর্ডে পত্র নথি নং- ৩(১) শুল্ক : রপ্তানি ও বন্ড/২০০১/৬৯১(৮), তারিখঃ ০৪/১২/২০০৩ খৃঃ।  
৫. বন্ড কমিশনারেটের পত্র নথি নং- (১৩)০৬/বন্ড কমিঃ/কাঃ শাঃ/পলিসি/২০০১/১৫৫২৩, তারিখঃ ২২/১১/২০০৩ খৃঃ।

বাণিজ্য মন্ত্রণালয় ও জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রোক্ত আদেশ/পরিপত্রসমূহের প্রেক্ষিতে ঋণপত্র ব্যতিরেকে শতভাগ রপ্তানিমুখী পোশাক শিল্পের আমদানিকৃত কাঁচামাল বন্ডের আওতায় ছাড় করার ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণযোগ্য হবে, যথা :

- (ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান স্ব-স্ব লিয়েন ব্যাংক হতে পূর্ববর্তী বছরের রপ্তানি পারফরমেন্স-এর ভিত্তিতে ০৪ (চার) মাসের প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ ও পরিমাণ সম্বলিত বিবরণী (statement) সংগ্রহ করবে;
- (খ) ব্যাংক কর্তৃক ইস্যুকৃত উক্ত বিবরণী (statement) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিজিএমইএ এর নিকট দাখিল করবে। ব্যাংক কর্তৃক ইস্যুকৃত উক্ত বিবরণীর ভিত্তিতে বিজিএমইএ ‘সংলাগ-ক’ অনুযায়ী একটি প্রাপ্যতা-তালিকা জারি করবে এবং লিয়েন ব্যাংক হতে প্রদত্ত বিবরণী সত্যায়িত করে উক্ত প্রাপ্যতা-তালিকার সংগে সংযুক্ত করে দেবে। এই প্রাপ্যতা-তালিকার মূল কপি প্রতিষ্ঠান কর্তৃপক্ষের নিকট থাকবে, দ্বিতীয় কপি কাস্টমস্ বন্ড কমিশনারেটে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নথিতে সংরক্ষিত হবে এবং তৃতীয় কপি বিজিএমইএ-এর নথিতে সংরক্ষিত থাকবে। উল্লেখ্য যে, প্রাপ্যতা-তালিকা জারি করার সময় উক্ত তালিকার উপরিভাগে “মূল কপি”, “দ্বিতীয় কপি”, “তৃতীয় কপি” (যেখানে যথা প্রযোজ্য) বোল্ড অক্ষরে (bold) লিপিবদ্ধ করে দিতে হবে;
- (গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উক্তরূপ পণ্য চালান ছাড় করার ক্ষেত্রে বিজিএমইএ কর্তৃক প্রদত্ত প্রাপ্যতা-তালিকার মূল কপি সংশ্লিষ্ট শুল্ক ভবন/স্টেশনে উপস্থাপন করতে হবে। ইউ/ডি নাম্বার ও তারিখসহ আমদানি এবং খালাস সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য পাশ বই-এ লিপিবদ্ধ করে পণ্য-চালান খালাস প্রদান করতে হবে। এরূপে খালাসকৃত পণ্য-চালানের তথ্য সাথে সাথেই বন্ড নিয়ন্ত্রণকারী কমিশনারেটে অবহিত করতে হবে। তাছাড়া, শুল্ক ভবন/স্টেশন মূল প্রাপ্যতা-তালিকার অপর পৃষ্ঠায় সমুদয় আমদানি তথ্য লিপিবদ্ধ করে স্বাক্ষর ও সীল দিয়ে দেবে। প্রাপ্যতা-তালিকার বিষয়ে কোনরূপ সন্দেহ দেখা দিলে তা কাস্টমস্ বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম হতে যাচাই করিয়ে নিতে হবে।
- (ঘ) কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে রিভলভিং পদ্ধতি কাঁচামাল আমদানি করার প্রয়োজনীয়তা দেখা দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রাপ্যতা-তালিকার অধীনে আমদানিকৃত কাঁচামাল দ্বারা উৎপাদিত পোশাক রপ্তানি হয়েছে এই মর্মে লিয়েন ব্যাংক-এর নিকট থেকে প্রত্যয়নপত্র সংগ্রহপূর্বক বিজিএমইএ-এর নিকট দাখিল করতে হবে। উক্তরূপ প্রত্যয়নপত্রের ভিত্তিতে বিজিএমইএ প্রযোজ্য পরিমাণ কাঁচামাল চলতি বছরের অবশিষ্ট প্রাপ্যতার সংগে যোগ করে চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা নির্ধারণ করে দেবে। উক্তরূপে নিরূপিত চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা উপ-অনুচ্ছেদ ১(খ)-এ বর্ণিত পদ্ধতিতে নতুনভাবে জারি করতে হবে। সেক্ষেত্রে “রিভলভিং পদ্ধতিতে নিরূপিত চূড়ান্ত অবশিষ্ট প্রাপ্যতা” শব্দগুলো উক্ত তালিকার উপরিভাগে বোল্ড অক্ষরে (bold) লিপিবদ্ধ করে দিতে হবে।

০২। উপরে বর্ণিত পদ্ধতিতে পণ্য আমদানির ক্ষেত্রে কাস্টমস্ বন্ড কমিশনারেটের কোন পূর্বানুমতির প্রয়োজন হবে না। যে শুদ্ধ ভবন/স্টেশনের মাধ্যমে পণ্য-চালান আমদানি হবে সে শুদ্ধ ভবন/স্টেশনের সংশ্লিষ্ট কমিশনার অথবা তাঁর মনোনীত কর্মকর্তা পণ্য-চালান খালাসের অনুমতি প্রদান করবেন।

০৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্ত : সংলাগ-ক।

(মোঃ মাহবুবুজ্জামান)  
দ্বিতীয় সচিব (শুদ্ধ : রপ্তানি ও বন্ড)

প্রাপক :

- ১। কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, ৩৪২/১ সেগুনবাগিচা, ঢাকা।
- ২। কমিশনার, শুদ্ধ ভবন, চট্টগ্রাম/ ঢাকা/বেনাপোল/মংলা।
- ৩। অতিরিক্ত কমিশনার, কাস্টমস্ বন্ড কমিশনারেট, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম।
- ৪। যুগ্ম-কমিশনার, আইসিডি, কমলাপুর, ঢাকা।
- ৫। সভাপতি, বিজিএমইএ, ৭/৯ কাওরান বাজার, ঢাকা।